



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নৌ বিভাগ


বন্দর ভবন, পোস্ট বক্স নং- ২০১৩, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ।
পোর্ট বিজে, ফ্যাক্স : ৮৮-০৩১-২৫১০৮৮৯, ফোন : পিএবিএক্স: ০৩১-২৫২২০০-২৯, ২৫১০০৭১-৮৪।

নং-ডিসি/হিসি/বিবিধ/২১১/

তারিখ :- ১৭ /০৫/২০২০ইং

ঘূর্ণিঝড় আফান প্রতিরোধে চবক এর প্রস্তুতি কার্যক্রম।

- ১। জেটিতে অবস্থানরত সকল জাহাজ (১৯)টি নিরাপদ পাইলটিং দ্বারা গভীর সমুদ্রে প্রেরণ করা হয়েছে।
- ২। বর্হিনোঙ্গরে অবস্থানরত জাহাজ সমূহকে কক্সবাজারের উপকূলীয় সাগরের নিরাপদ আশ্রয়ে স্থানান্তর করা হয়েছে।
- ৩। কর্ণফুলী চ্যানেলের মোহনা থেকে ১নং জেটির ফোরশোরে অবস্থানরত নৌযান সমূহকে কালুরঘাট থেকে সদরঘাট পর্যন্ত অভ্যন্তরীণ নদীপথের নিরাপদ স্থানে সরিয়ে নেয়া হয়েছে।
- ৪। রেডিও কন্ট্রোলরুম থেকে সাইক্লোনের হালনাগাদ তথ্য সহ সংশ্লিষ্ট সকলকে সতর্কীকরণপূর্বক নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার নির্দেশনা প্রদান করা হচ্ছে।
- ৫। জাহাজের নিরাপদ অবস্থান নির্ণয় পূর্বক নেভিগেশন অক্ষুন্ন রাখার নিমিত্ত চ্যানেলে বয়া, লাইট হাউস এবং ভিটিএমআইএস ২৪ ঘন্টা সচল রাখা হয়েছে।
- ৬। জরুরী নৌ দুর্ঘটনা মোকাবেলায় শক্তিশালী টাগ ও স্যালভেজ ইউনিট প্রস্তুত রাখা হয়েছে।
- ৭। নৌ বিভাগের সকল জাহাজ ১০০% জনবলসহ যে কোনো শিপিং সার্ভিসের জন্য নিরাপদ অবস্থানে সচল রাখা হয়েছে।
- ৮। জরুরী মোকাবেলায় প্রত্যেক চবক নৌ, পরিবহন এবং সচিব বিভাগ কন্ট্রোলরুম স্থাপন করেছেন।
- ৯। সকল ক্রেন এবং কার্গো ও কন্টেইনার ইকুইপমেন্ট সাইক্লোন প্রতিরোধী উপায়ে বাধা হয়েছে।
- ১০। কার্গো শেড ও অন্যান্য স্থাপনাসমূহ জলরোধী করে বন্ধ করা হয়েছে।
- ১১। জরুরী অবস্থায় উঁচু স্থানে লোকবল স্থানান্তরের নিমিত্ত প্রয়োজনীয় খাবার ও যানবাহন সুবিধাসহ বন্দর স্কুল, কলেজ ও কয়েকটি নির্দিষ্ট দালান প্রস্তুত রাখা হয়েছে।
- ১২। যে কোনো চিকিৎসা সহায়তা প্রদানের নিমিত্ত বন্দর হাসপাতালে আলাদা ইউনিট খোলা হয়েছে।
- ১৩। সাইক্লোন চলাকালীন সময়ে বিশেষ নিরাপত্তা প্রদানের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সিকিউরিটি গার্ড মোতায়েন করা হয়েছে।


ডেপুটি কমিসারভেটর
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
চট্টগ্রাম।